

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৪৬৬

খোয়াই, ৪ জানুয়ারি, ২০২৪

১২ জানুয়ারি খোয়াই মহকুমায় স্বামী বিবেকানন্দের জন্মজয়ন্তী

১২ জানুয়ারি খোয়াইয়ে স্বামী বিবেকানন্দের জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষে গতকাল পুর পরিষদের সভা কক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পুর পরিষদের ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি পীযুষ কান্তি চৌধুরী। সভায় সিদ্ধান্ত হয়, আগামী ১২ জানুয়ারি বিবেকানন্দের জন্মজয়ন্তী উপলক্ষে ভোরে প্রভাত ফেরী বের করা হবে। এরপর সুভাষপার্কে স্বামী বিবেকানন্দের মর্মর মূর্তিতে মাল্যদান ও পুষ্পার্ঘ অর্পন করা হবে। ঐদিন সকাল ১১টায় পুরাতন টাউন হলে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিয়ে কুইজ প্রতিযোগিতা এবং সন্ধ্যায় সুভাষপার্কস্থিত কৃষ্ণমন্দিরে আলোচনাচক্র ও স্থানীয় শিল্পীদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হবে।

প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন খোয়াই পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন নিবাস সাহা, জেলা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য দীপঙ্কর ভট্টাচার্য, শুভম আইচ, জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক বিশ্বজিৎ বণিক, মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ তথ্য আধিকারিক দুলাল দেববর্মা সহ রামকৃষ্ণ সেবা আশ্রমের কর্মকর্তাগণ।

\*\*\*\*\*